গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০১৪.০৫২.২০২২-৪৪৪

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০ / ২৫ জুলাই ২০২৩

বিষয়: "গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস-ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ" শীর্ষক প্রকল্পের অর্থ ছাড়করণ।

সূত্র: (ক) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১১১.০৫.০০৬.২২-২৩৩, তারিখ: ৮ জুন ২০২২
(খ) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭১.০১৪.০৫২.২০২২-৩২, তারিখ: ১৭ জানুয়ারি ২০২৩
(গ) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১১১.০৫.০০৬.২২-৩০২, তারিখ: ১৮ জুন ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন "গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস-ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ" শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ ছাড়ের সম্মতি প্রদানের লক্ষ্যে অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে (ক) স্মারকে অর্থ বিভাগ প্রকল্পের অনুকূলে গৃহীত অধিগ্রহণ কার্যক্রম সংক্রান্ত ৭/৮ ধারা জারির তথ্যাদিসহ পুনঃপ্রস্তাব প্রেরণের অনুরোধ জানায়।

২। পরবর্তীতে ২০২২-২৩ অর্থ বছরে উক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে সূত্রোস্থ 'খ' স্মারকে ১ম ও ২য় কিস্তির অর্থ ছাড়ের আদেশ জারী করা হয়। কিন্তু ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের সম্মতির জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করা হলে, স্থাবর "সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭" মোতাবেক ৮ ধারা জারি না হওয়ায় অর্থ ছাড়ে অসম্মতি জ্ঞাপন করা হয়।

৩। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগের চাহিদা মোতাবেক বর্ণিত প্রকল্পের আওতায় "স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন ২০১৭" মোতাবেক ৮ ধারা জারি না হওয়ায় ইতোপূর্বে 'খ' সূত্রোস্থ স্মারকে জারিকৃত ২০২২-২৩ অর্থ বছরের ১ম ও ২য় কিস্তির আদেশটি নির্দেশক্রমে বাতিল করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫/৭/২০২৩

মাহবুবা আইরিন
উপসচিব
ফোন: ৫৫১০০৪০৯
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

(১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ [দৃঃ আঃ যুগ্মসচিব, বাজেট-৪]।
(২) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) প্রকল্প পরিচালক, "গাজীপুর সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য ব্যবস্থাপনার জন্য এবং বিভিন্ন অঞ্চলে বাস-ট্রাক টার্মিনাল নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণ" শীর্ষক প্রকল্প, গাজীপুর।
(৬) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৭) অফিস কপি।

CamScanner